# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 29-07-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভারত যে কোনো সন্ত্রাসবাদী কার্যকলাপের জবাব নিজের শর্ত অনুযায়ী দেবে - ফের বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

২) বিশ্বমানের শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে এবং ২০৪৭ এর মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে নতুন জাতীয় শিক্ষা নীতি অন্যতম পথ প্রদর্শক হয়ে উঠেছে। অখিল ভারতীয় শিক্ষা সমাগম ২০২৫ এর উদ্বোধনী অনুষ্ঠানে বলেছেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান।
# নতুন জাতীয় শিক্ষা নীতির ৫ বছর পূর্তিতে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, এই দিনটি দেশের শিক্ষা ক্ষেত্রে এক মাইলফলক।

৩/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী নিয়ে মানুষের আতঙ্ক কাটাতে নির্বাচন কমিশন ২০০২ সালের ভোটার তালিকা প্রকাশ করেছে।
৪/ পূর্ব বর্ধমানের রাজোয়াতে বোমা বিস্ফোরণের তদন্তের ক্ষেত্রে রাজ্য প্রশাসন বিস্ফোরক আইন মানছে না বলে কলকাতা হাইকোর্টে কেন্দ্রের অভিযোগ। মানতে নারাজ রাজ্য।

৫/ একদিনের সফরে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আগামীকাল রাজ্যে আসছেন।

৬/ বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে মোহনবাগান দিবস পালিত।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, ভারত যে কোনো সন্ত্রাসবাদী কার্যকলাপের জবাব নিজের শর্ত অনুযায়ী দেবে। অপারেশন সিন্দুর নিয়ে বিশেষ আলোচনার জবাবী ভাষণে প্রধানমন্ত্রী জানানা, পাকিস্তানের সন্ত্রাসের ঘাঁটি গুড়িয়ে দেওয়া হয়েছে। তাদের মদতে ২২-শে এপ্রিল যে জঘন্য হামলা হয়েছিল, ২২ মিনিটে তার জবাব দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী জানান, ভারত বুঝিয়ে দিয়েছে পরমাণু হুমকির কাছে তারা মাথা নোয়াবে না। অপারেশন সিন্দুরে সেনাকে সম্পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়েছিল, কিন্তু কিছু মানুষ সেনা পরাক্রমের থেকেও পাকিস্তানের অপপ্রচারকে গুরুত্ব দিয়েছে। অপারেশন সিন্দুর এখনও চলছে বলেও সভায় জানান শ্রী মোদী।

(বাইট- মোদী)

oooooooooooooooooooooo

বিশ্বমানের শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে এবং ২০৪৭ এর মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে নতুন জাতীয় শিক্ষানীতি অন্যতম পথ প্রদর্শক হয়ে উঠেছে বলে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানিয়েছেন। নতুন দিল্লিতে আজ অখিল ভারতীয় শিক্ষা সমাগম ২০২৫- এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়ে মন্ত্রী বলেন, ভারতীয় শিক্ষা ব্যবস্থায় এনইপি নবজাগরণ আনবে।

(বাইট-ধর্মেন্দ্র)

মন্ত্রী বলেন, দেশে এই প্রথম প্রাক-স্কুল স্তরে শিক্ষা প্রদান এবং শিশুর যত্ন প্রাতিষ্ঠানিক রূপ নিচ্ছে। চিরন্তন সভ্যতার নীতিকে হাতিয়ার করে NEP 2020 দেশ গঠনে শিক্ষার গুরুত্ব তুলে ধরছে। অনুষ্ঠানে মন্ত্রী নতুন জাতীয় শিক্ষা নীতির মূল স্থপতি ডঃ কে কস্তুরীরাঙ্গণের প্রতি সম্মান জানান। তিনি TARA অ্যাপ এবং My Career Advisor অ্যাপের সূচনা করেন।

শিক্ষা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী, ড. সুকান্ত মজুমদার, বিভিন্ন রাজ্যের শিক্ষা মন্ত্রী, উপাচার্য এবং শিক্ষাবিদরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জয়ন্ত চৌধুরী, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দেওয়া বিবৃতি অনুষ্ঠানে পাঠ করেন। ওই বিবৃতিতে শ্রী মোদী, গত পাঁচ বছরে শিক্ষাক্ষেত্রের বিভিন্ন পরিবর্তনের কথা তুলে ধরেন।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জাতীয় শিক্ষা নীতির ৫বছর পূর্তিতে শিক্ষার্থীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে তিনি বলেন, আজকের দিনটি দেশের শিক্ষা ক্ষেত্রে ইতিহাসের এক বিশেষ মাইলফলক। ২০২০ সালের এই দিনেই জাতীয় শিক্ষানীতির সূচনা হয়েছিল, যা শিক্ষার জগতে মৌলিক পরিবর্তন এনেছে। এই নীতি শুধুমাত্র একটি প্রশাসনিক

রুপরেখা নয়,দেশের নতুন শিক্ষা দর্শন। শ্রী মজুমদার জানান, এই নীতির মূল লক্ষ্য ছিল সকলের জন্য সমতাভিত্তিক ও বিশ্বমানের শিক্ষা সুযোগ সুনিশ্চিত করা,প্রতিটি শিক্ষার্থীর অন্তর্নিহিত সামর্থ,প্রতিভা ও সৃজনশীলতাকে জাগিয়ে তোলা এবং দেশের যুবসমাজকে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ ও সম্ভাবনার জন্য প্রস্তুত করা। শ্রী মজুমদার আরো বলেন,গত পাঁচ বছরে এই শিক্ষা নীতির ফলে শিক্ষাকে আরো শিক্ষার্থীকেন্দ্রিক ও দক্ষতাভিত্তিক করে তোলা হয়েছে। এছাড়া সমালোচনামূলক চিন্তন ও সমস্যা সমাধানমূলক শিক্ষার ওপরে জোর দেওয়া হয়েছে। এই শিক্ষানীতি শুধু শিক্ষার সংস্কার নয়,এই নীতি বিকশিত ভারতের দিশারী বলে শ্রী মজুমদার দাবি করেন।

ooooooooooooooooooo

নতুন জাতীয় শিক্ষানীতির পাঁচ বছর পূর্তি উপলক্ষে আকাশবাণী সংবাদের সাপ্তাহিক বেতার অনুষ্ঠান “খবরের আয়নায়" আজ শুনবেন বিশেষ আলোচনা- পরম্পরা ও আধুনিকতায় জাতীয় শিক্ষানীতি।

এতে অংশ নিয়েছেন, অধ্যাপক দ্বীপায়ন দত্ত রায় ও গবেষক শ্যামল কুমার দরিপা। অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮ টায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে।

oooooooooooooooooooo

বিজেপি বাংলা ও বাঙালি ইস্যুতে দিল্লির বিভিন্ন এলাকায় তৃণমূল কংগ্রেসের আন্দোলনের সমালোচনা করেছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ দিল্লিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অভিযোগ করেন,তৃণমূল কংগ্রেস নেত্রী ও মুখ্যমন্ত্রীর তৈরি করা ভিডিও ভুয়ো প্রমাণিত হওয়ার পরেও তৃণমূল কংগ্রেস নির্লজ্জভাবে এই ধর্না দিচ্ছে। তৃণমূল কংগ্রেসের বানানো এই ধরনের ভুয়ো ভিডিওগুলো যাচাই করে নেওয়ার জন্য শ্রী মজুমদার সংবাদমাধ্যমের কাছে আবেদন জানিয়েছেন।

এদিকে, ভোটে পরাজয়ের ভয়ে তৃণমূল কংগ্রেস নির্বাচনী তালিকা সংশোধনী নিয়ে বিরোধিতা করছে বিজেপি দাবি করেছে। দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী মজুমদার বলেন,

নির্বাচনী তালিকা থেকে বাংলাদেশী অনুপ্রবেশকারী ও রোহিঙ্গাদের নাম বাতিল হয়ে গেলে রাজ্যের শাসক দল ভোটে জিততে পারবে না। তাই তারা তালিকা সংশোধনীর বিরোধিতা করছে বলেও অভিযোগ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন রাজ্যে বাংলাভাষীদের ওপর হেনস্থার অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মিথ্যাচার করছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এর বিরুদ্ধে সাইবার আইনে তদন্ত হওয়া উচিত। কাঁথির সাংসদ সৌমেন্দু অধিকারিককে এফ আই আর করার জন্য আর্জি জানান তিনি। দিল্লি পুলিশের কাছেও মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে তদন্তের দাবি জানানো হবে বলেও শ্রী অধিকারী জানিয়েছেন।

এদিকে, ভোটের আগে বিভিন্ন রাজনৈতিক দলের থেকে যাতে নির্বাচন কমিশন বুথস্তরের আধিকারিক বা বিএলও-দের তালিকা চেয়ে পাঠায় সেজন্য বিজেপি দাবি করেছে। শুভেন্দুর অভিযোগ, স্থায়ী বিএলও থাকা সত্ত্বেও পার্শ্বশিক্ষক ও ভোকেশনার শিক্ষকদের এই পদে নিয়োগ করা হচ্ছে।

(বাইট – শুভেন্দু)

অন্যদিকে, ভোটার তালিকা সংশোধনের নামে বাংলায় এন আর সি চালু করার চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ফের অভিযোগ করেছেন। বীরভূমের ইলামবাজারে আজ একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের পর এক জনসভায় তিনি এই মন্তব্য করেন।

(বাইট- মমতা)

০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী নিয়ে মানুষের আতঙ্ক কাটাতে নির্বাচন কমিশন ২০০২ সালের ভোটার তালিকা প্রকাশ করেছে । এখনও পর্যন্ত ১১ টি জেলার ১০৯ টি বিধানসভা কেন্দ্রের ভোটার তালিকা আপলোড করা হয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটে। রাজ্যের মানুষ যাতে খুব সহজেই নিজেদের নাম খুঁজে পান সেই কথা মাথায় রেখেই নির্বাচন কমিশন এই সিদ্ধান্ত নিয়েছে।

oooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনে বিপুল সংখ্যক ভোটারের নাম বাদ গেলে গোটা প্রক্রিয়ার ওপর স্থগিতাদেশ দেওয়া হবে বলে সুপ্রিম কোর্ট মন্তব্য করেছে। দুই বিচারপতি সূর্য কান্ত ও জয়মাল্য বাগচির বেঞ্চে আজ একথা জানায়।

এদিকে, বিহারে এস আই আর-এর বিরুদ্ধে দায়ের হওয়া মামলায় যুক্ত হতে চেয়ে আবেদন জানিয়েছে পশ্চিমবঙ্গ। রাজ্যের পক্ষে আইনজীবী কপিল সিব্বল সেই আবেদন জমা করেন।

উল্লেখ্য কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্র আগেই এই মামলায় যুক্ত হয়েছেন। আগামী **১২** অগাস্ট মামলার পরবর্তী শুনানি।

ooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের রাজোয়াতে বোমা বিস্ফোরণের তদন্তের ক্ষেত্রে রাজ্য প্রশাসন বিস্ফোরক আইন মানছে না বলে কেন্দ্র কলকাতা হাইকোর্টে দাবি করেছে। যদিও তা মানতে নারাজ রাজ্য। এর প্রেক্ষিতে তাদের দাবির স্বপক্ষে হলফনামা জমা দিতে কেন্দ্রকে নির্দেশ দিয়েছেন বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চ। হাইকোর্ট জানিয়েছে, তদন্তের রিপোর্ট কেন্দ্রের ডেপুটি সলিসিটর জেনারেলকে হস্তান্তর করতে হবে। আগামী সপ্তাহে মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, গত ৫ জুলাই রাজওয়াতে বেআইনি বালি চুরি ও রাজনৈতিক সংঘর্ষে এলাকায় বোমা বিস্ফোরণ ঘটে। এর যথাযথ ও নিরপেক্ষ তদন্তের জন্য এনাআইএ তদন্ত প্রয়োজন দাবি করে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা শুভেন্দু কুমার দাস। ইতিমধ্যে অবশ্য তাকে দল থেকে বরখাস্তও করা হয়েছে।

ooooooooooooooooooo

একদিনের সফরে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল রাজ্যে আসছেন । দুপুরে দিল্লি থেকে বায়ুসেনার বিশেষ বিমানে কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন তিনি। সেখান থেকে হেলিকপ্টারে সরাসরি যাবেন কল্যাণী। কল্যাণী এইমসের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে তিনি দীক্ষান্ত ভাষণ দেবেন। ওই অনুষ্ঠানের পর বিকেলে রাষ্ট্রপতির দক্ষিণেশ্বর মন্দিরে পুজো দিতে যাওয়ার কথা রয়েছে। রাজভবনে রাত্রিবাসের পর বৃহস্পতিবার **৩১** জুলাই রাজভবনে বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে দেখা করার কর্মসূচীও রয়েছে শ্রীমতী মুর্মূর। এরপর ঝাড়খণ্ডের দেওঘরের উদ্দেশে রওনা দেবেন তিনি।

এদিকে, কল্যাণী এইমস অডিটোরিয়ামে আয়োজিত প্রথম সমাবর্তন অনুষ্ঠানে মোট ৪৮ জন শিক্ষার্থীকে এমবিবিএস ডিগ্রী দেওয়া হবে। প্রথম তিন স্থানাধিকারিকে দেওয়া হবে পদক। রাষ্ট্রপতি সফর নির্বিঘ্ন রাখতে যাবতীয় সবরকম প্রস্তুতি নেওয়া হয়েছে বলে এইমসের এক্সজিকিউটিভ ডিরেক্টর রামজী সিং আমাদের জেলা সংবাদদাতা অনুপম মোদককে জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়ান বার্ষিকীটি আজ রাজ্যজুড়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে। এই উপলক্ষ্যে মধ্য কলকাতার কলেজ স্কোয়ারে তার মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। অন্যদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মনিষীর প্রয়ান বার্ষিকীতে তাকে শ্রদ্ধা জানিয়েছেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও রানী রাসমনী উদ্যানে বিদ্যাসাগরের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা নিবেদনব করেন। তিনি বলেন, বিদ্যাসাগরের জীবনাদর্শ আজও সকলে অনুপ্রাণিত করছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আজ মোহনবাগান দিবস। বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সবুজ মেরুন সমর্থকরা এই ঐতিহাসিক এই দিনটি পালন করছেন। একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট- অরিজিত দা)

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার ওপর তৈরি ঘূর্ণাবর্তটি এখন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর অবস্থান করছে। একই সঙ্গে মৌসুমী অক্ষরেখা দীঘা হয়ে পূর্ব উত্তর-পূর্ব দিকে বিস্তৃত। এই দুই এর প্রভাবে আগামী চার দিন দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ দুই মেদিনীপুরে রয়েছে ভারী বৃষ্টির কমলা সর্তকতা। এছাড়া কলকাতা সহ দক্ষিণ চব্বিশ পরগনা, হাওড়া, হুগলি, বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম ও মেদিনীপুরে রয়েছে হলুদ সতর্কতা।

কলকাতায় আজ দুপুরের দিকে একটানা বেশকিছুক্ষণ বৃষ্টি হয়। বিকেল চারটে পর্যন্ত শহর কলকাতায় সবচেয়ে বেশি ৮৫ মিলিমিটার বৃষ্টি হয়েছে যোধপুর পার্ক এলাকায়।

এদিকে, শহরের দু-জায়গায় বাড়ি ভেঙে তিনজন আহত হয়েছেন। মুচিপাড়া এলাকায় রাজকুমার বসু লেনে একটি পুরনো বাড়ি সারানোর সময় ভেঙে পড়লে তিনজন আহত হন। তাদের মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। জানবাজারেও একটি বিপদজনক নোটিশ টাঙানো বাড়ি ভেঙে পড়ার খবর পাওয়া গেছে।

অন্যদিকে, উত্তরবঙ্গে মৌসুমী বায়ু সক্রিয় থাকায় বিক্ষিপ্তভাবে প্রায় সব জেলাতেই বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী শনিবার থেকে বাড়বে বৃষ্টির পরিমাণ।

oooooooooooooooooo

oooooooooooooooooo